



স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৫.২০. ৯৩২

তারিখ:

২৪ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ

০৮ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার বাস্তবায়নের জন্য নির্দেশনা।

উর্গম্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা প্রাইতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজ সেবা প্রদানের জন্য ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় সারাদেশে শতভাগ ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। অনেক জেলার হোল্ডিং এর ডাটা এন্ট্রির হার ১৬% এর নীচে রয়েছে, যা বৃদ্ধির জন্য জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার শতভাগ বাস্তবায়ন এবং হোল্ডিং এর সঠিক ও নির্ভুল ডাটা এন্ট্রির জন্য নিম্নে কতিপয় নির্দেশনা প্রদান করা হলো:


১. কোনো নাগরিক অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য নিবন্ধন করলে, তাঁর নিবন্ধন অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হোল্ডিং তৈরির একটি আবেদন আসে। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা উক্ত আবেদনের প্রেক্ষিতে নাগরিকের হোল্ডিং এর ভূমির সকল হালনাগাদ তথ্য দিয়ে অনলাইন হোল্ডিং খুলে অনুমোদন করবেন। এভাবে হোল্ডিং অনুমোদিত হওয়ার পরে উক্ত নাগরিক তাঁর মোবাইল/ইমেইলে হোল্ডিং অনুমোদন ও হোল্ডিং এর ভূমি উন্নয়ন করের দাবীর বার্তা পাবেন। এরপরে নাগরিক ই-পেমেন্ট এর মাধ্যমে ভূমি উন্নয়ন কর প্রদান করতে পারবেন।

ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, নাগরিক নিবন্ধন করার পরে প্রায় ২/৩ মাস ধরে নিবন্ধন এর মাধ্যমে হোল্ডিং খোলার আবেদন সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার আইডিতে পেন্ডিং থাকছে। এর ফলে নাগরিক ভূমি উন্নয়ন কর প্রদান করতে পারছেন না। এতে অনলাইন ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার চালুর আসল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে।

এক্ষেত্রে, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার আইডিতে নিবন্ধনের মাধ্যমে হোল্ডিং খোলার আবেদন আসার সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে হোল্ডিং খুলে তা অনুমোদন করবেন। অন্যথায়, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে বিলম্বের যুক্তিসংগত কারণ দর্শাতে হবে।

২. নাগরিক নিবন্ধন চালুর পূর্বে যে সকল হোল্ডিং এন্ট্রি দেওয়া হয়েছে এবং নাগরিক নিবন্ধন ব্যতীত যে সকল হোল্ডিং এন্ট্রি দেওয়া হয়েছে, সেই সকল হোল্ডিং এর ভূমি মালিক নিবন্ধন করলে, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার কর্মকর্তাগণ সর্বোচ্চ ১০ দিনের মধ্যে উক্ত হোল্ডিং এর সাথে নিবন্ধন সংযুক্ত (ইন্টিগ্রেটেড) করবেন (সংযুক্ত না করা পর্যন্ত ভূমি মালিক অনলাইন ভূমি উন্নয়ন কর প্রদান করতে পারবেন না)। অন্যথায়, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে বিলম্বের যুক্তিসংগত কারণ দর্শাতে হবে।

৩. ইতোমধ্যে ডাটা এন্ট্রিকৃত হোল্ডিংগুলোর মধ্যে কিছু হোল্ডিং এর তথ্য এন্ট্রিতে ভুল পরিলক্ষিত হয়েছে (যেমন- মালিকের বিবরণ, জমির শ্রেণি, জমির পরিমাণ, ভূমি উন্নয়ন কর আদায়ের সর্বশেষ সাল, শুরুর সাল ও শেষ সাল ইত্যাদি)। এরকম ভুল তথ্য এন্ট্রির জন্য সিস্টেমে হোল্ডিং এর ভূল দাবী নির্ধারণ হয়, যার কারণে নাগরিক সঠিক ভূমি উন্নয়ন কর প্রদানে ব্যর্থ হবেন। এক্ষেত্রে, ভূমি উন্নয়ন কর এর ই-পেমেন্ট চালু হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে এরূপ ভুল তথ্য দিয়ে এন্ট্রিকৃত হোল্ডিংগুলো জরুরিভিত্তিতে সংশোধন করতে হবে।



৪. ই-নামজারি সিস্টেমের সাথে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সিস্টেমকে সংযুক্ত (ইন্টিগ্রেটেড) করা হয়েছে। ই-নামজারি সিস্টেম থেকে সৃজিত খতিয়ানের হোল্ডিং খোলার ক্ষেত্রে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ শুধু সরাসরি ই-নামজারি সিস্টেম থেকে হোল্ডিং খুলবেন। ই-নামজারির মাধ্যমে প্রস্তুতকৃত সৃজিত খতিয়ানের হোল্ডিং ম্যানুয়ালি এন্ট্রি করা যাবে না।

৫. সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা স্বয়ং রেজিস্টার-২ অনুযায়ী সংস্থার নামে নিবন্ধন সম্পন্ন করে ডাটা এন্ট্রি দিয়ে পূর্ণাঙ্গ হোল্ডিং খুলবেন। সংস্থার হোল্ডিং এর ডাটা এন্ট্রির সময় কোনো জাতীয় পরিচয়পত্রের নম্বর দেওয়ার প্রয়োজন হবে না, তবে নিবন্ধন এর সময় সংস্থার সংশ্লিষ্ট দপ্তর প্রধানের দাপ্তরিক (কর্পোরেট) বা ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল এড্রেস প্রদান করতে হবে।

৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোগ্নাগণ তাদের ‘একপে’ আইডি থেকে ভূমি উন্নয়ন করের অনলাইন নাগরিক নিবন্ধন সম্পন্ন করে দিতে পারেন। প্রতিটি সঠিক নাগরিক নিবন্ধনের জন্য উদ্যোগ্নাগণ ১০/- টাকা হারে প্রাপ্ত হবেন। ইতোমধ্যে উদ্যোগ্নার মাধ্যমে যে সকল নাগরিক নিবন্ধন সম্পন্ন হয়েছে, প্রাপ্ত অনুসূরে তাদের অনুকূলে দ্রুত অর্থ বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে।

এছাড়া, উদ্যোগ্নাগণ স্বতঃস্ফূর্তভাবে যাতে ভূমি উন্নয়ন করের অনলাইন নাগরিক নিবন্ধন কার্যক্রম চলমান রাখেন, সেজন্য জেলা প্রশাসকগণ তাদের উদ্বৃদ্ধ করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সিস্টেম থেকে অনলাইনে ভূমি উন্নয়ন করের ২% অর্থ উপজেলা পরিষদে হস্তান্তরের জন্য সকল উপজেলা পরিষদের ব্যাংক হিসাব ও হিসাব নম্বর সংগ্রহপূর্বক তালিকা জরুরিভিত্তিতে ফিরতি ইমেইলে (alrc6@lrb.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৮. অনলাইনে শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে জেলা প্রশাসকগণ নাগরিক নিবন্ধন বৃক্ষির জন্য এবং হোল্ডিং এর ডাটা এন্ট্রি কার্যক্রম আরও গতিশীল করার জন্য প্রচার-প্রচারণাসহ প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণ করবেন।

অতএব, তিটি পার্বত্য জেলা ব্যতীত সকল জেলায় ডিজিটাল পদ্ধতিতে শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার দ্রুত বাস্তবায়নের জন্য উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০৮.৮.২১
(জিনিয়া জিম্মাত)

সহকারী ভূমি সংস্থার কমিশনার

ভূমি সংস্থার বোর্ড, ঢাকা

ফোন- ০২৮১৭০১৫৭

ই-মেইল: alrc6@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্থার বোর্ড, ঢাকা
- (৩) বিভাগীয় কমিশনার,(সকল)
- (৪) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব),(সকল)
- (৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
- (৭) উপসচিব, ডিজিটাইজেশন মনিটরিং সেল, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৮) উপ-ভূমি সংস্থার কমিশনার-১/২/৩, ভূমি সংস্থার বোর্ড, ঢাকা
- (৯) উপ-ভূমি সংস্থার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (বিষয়টি নিশ্চিতকরণার্থে তদারকি করার অনুরোধসহ)

- (১০) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),(সকল) (৩টি পার্বত্য জেলা ব্যতীত)
- (১১) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (১২) চেয়ারম্যান এর একাত্ম সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
- (১৩) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস....., জেলা.....(সকল) (৩টি পার্বত্য জেলা ব্যতীত)
- (১৪) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- (১৫) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লিঃ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- (১৬) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন/পৌর ভূমি অফিস, ইউনিয়ন,উপজেলা,
জেলা.....(সকল) (৩টি পার্বত্য জেলা ব্যতীত)
- (১৭) অফিস কপি

০৮-৮-২২